



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা



বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা, ১২০৯
www.pmeat.gov.bd

নং-৩৭.২৪.০০০০.০৩.০২৮.০০১.২৩-৭৯

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
১৩ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

**স্নাতক (পাস) ও সমমান পর্যায়ে ১ম বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীদের উপবৃত্তির আবেদন
দাখিলের বিজ্ঞপ্তি ২০২৩**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক **স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের বা ডিগ্রী ১ম বর্ষে (২০২০-২১ শিক্ষাবর্ষের)** ঢাকা বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয় এবং ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের অধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে **অধ্যয়নরত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের ২০২২-২৩ অর্থবছরে উপবৃত্তি** প্রদান করা হবে:

১. স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের বা ডিগ্রীর **শুধু ১ম বর্ষে (২০২০-২১ শিক্ষাবর্ষের)** অধ্যয়নরত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীই উপবৃত্তি প্রাপ্তির জন্য <https://estipend.pmeat.gov.bd> এ লিংকে প্রবেশ করে অনলাইনে নিবন্ধন করতে হবে;
২. ই-স্টাইপেন্ড সিস্টেমের ব্যবহার নির্দেশিকা অনুসরণপূর্বক **১৫/৩/২০২৩ খ্রি: থেকে ০৬/৪/২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত** <https://estipend.pmeat.gov.bd> লিংকের সিস্টেম ব্যবহার করে সংশ্লিষ্ট শিক্ষার্থীরা অনলাইনে আবেদন করতে পারবে;
৩. নিবন্ধনের জন্য প্রয়োজনীয় নির্দেশনা বর্ণিত ওয়েবসাইটে প্রদত্ত ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে;
৪. সফটওয়্যারে তথ্য এন্ট্রির জন্য সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক ইতোপূর্বে প্রদত্ত User ID ও Password ব্যবহার করে অথবা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের EMIS সফটওয়্যারের জন্য ব্যবহৃত User ID ও Password ব্যবহার করেও লগইন করতে পারবেন;
৫. সামগ্রিক প্রক্রিয়া সম্পন্ন করে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে আগামী **১৮/৪/২০২৩ খ্রি.** তারিখের মধ্যে প্রাথমিকভাবে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা প্রদানের লক্ষ্যে একটি স্বাক্ষরিত কার্যবিবরণী সংযুক্ত (**Upload**) করে সিস্টেম ব্যবহার করে অনলাইনে ট্রাস্টে প্রেরণ করবেন; এবং
৬. প্রাথমিকভাবে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকার কোন হার্ড কপি প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টে প্রেরণের প্রয়োজন নেই।

১৩-০৩-২০২৩

(আবদুন নূর মুহাম্মদ আল ফিরোজ)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৮১৯২২০০

ই-মেইল: md@pmeat.gov.bd



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সিলেট সরকারি কলেজ, সিলেট।
www.sylgovcollege.edu.bd
email: principal_sgc@yahoo.com
ফোনঃ ০২৯৯৬৬৪১৪৩৫




৩৩

বিজ্ঞপ্তি

তারিখঃ ১৪.০৩.২০২৩

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে উপবৃত্তি প্রদানের লক্ষ্যে স্নাতক (পাস) ও সম্মান পর্যায়ে ১ম বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীদের উপবৃত্তি দাখিলের বিজ্ঞপ্তি-২০২৩

এতদ্বারা সিলেট সরকারি কলেজের ২০২০-২০২১ শিক্ষাবর্ষের স্নাতক (পাস) ও সম্মান পর্যায়ের ১ম বর্ষের শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক প্রদত্ত বিজ্ঞপ্তি মোতাবেক ২০২২-২৩ অর্থবছরে উপবৃত্তির জন্যে এতদসঙ্গে সংযুক্ত বিজ্ঞপ্তির শর্ত অনুসরণপূর্বক শিক্ষার্থীদেরকে আগামী ১৫.০৩.২০২৩ খ্রি. থেকে ০৬.০৪.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন দাখিল করতে হবে।



(প্রফেসর আবুল আনাম মোঃ রিয়াজ)

আইডি নম্বর-০০৪০১৩

অধ্যক্ষ

সিলেট সরকারি কলেজ, সিলেট।